দৈনিক ইত্তেফাক

তারিখ : 15 JAN 2016
পৃষ্ঠা ৭৩ ... কলাম ... ৬


**বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়**

সালনা, গাজীপুর-১৭০৬

ফোন : পিএবিএক্স : ০২-৯২০৫৩১০-১৪, ফ্যাক্স : ৯২০৫৩৩৩, ওয়েব: www.bsmrau.edu.bd


স্মারক নং- বশেমুরকৃবি/একা/ এ-১.১৩/২০১৬/০৬ তারিখ ঃ ১৪/০১/২০১৬ইং

# এমএস ও পিএইচডি প্রোগ্রামে ছাত্রভর্তি বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়-এ সামার ২০১৬ টার্মে কোর্স ক্রেডিট পদ্ধতির অধীনে এমএস ও পিএইচডি প্রোগ্রামে নিম্নলিখিত বিভাগে (বন্ধনীর ভিতর উল্লেখিত আসন অনুযায়ী) ছাত্র-ছাত্রী ভর্তি করা হইবে।

**এমএস ঃ** কৃষি সম্প্রসারণ ও গ্রামীণ উন্নয়ন (৭); কৃষি বনায়ন ও পরিবেশ (২০); এগ্রো-প্রসেসিং (৮); কৃষিতত্ত্ব (২৬); বায়োটেকনোলজি (১১); ফসল উদ্ভিদবিদ্যা (২৫); এনভাইরনমেন্টাল সায়েন্স (১৪); কীটতত্ত্ব (১৯); কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন (১০); উদ্যানতত্ত্ব (২৬); উদ্ভিদ রোগতত্ত্ব (১৮); মৃত্তিকা বিজ্ঞান (২৩); বীজ বিজ্ঞান ও প্রযুক্তি (১১); কৃষি অর্থনীতি (২৪); অ্যাকোয়াকালচার (৫); ফিশারিজ বায়োলজি এন্ড অ্যাকোয়াটিক এনভাইরনমেন্ট (১৫); ফিশারিজ টেকনোলজি (৭); ফিশারিজ ম্যানেজমেন্ট (৩); জেনেটিক্স এন্ড ফিশ ব্রিডিং (৭)।

**পিএইচডি ঃ** কৃষি সম্প্রসারণ ও গ্রামীণ উন্নয়ন (১); কৃষি বনায়ন ও পরিবেশ (৫); কৃষিতত্ত্ব (২); ফসল উদ্ভিদবিদ্যা (৯); কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন (৪); উদ্যানতত্ত্ব (৫); উদ্ভিদ রোগতত্ত্ব (৬); মৃত্তিকা বিজ্ঞান (৩); বীজ বিজ্ঞান ও প্রযুক্তি (১); কৃষি অর্থনীতি (৪)।

**যোগ্যতা :**

**এমএস প্রোগ্রাম :**

প্রার্থীদের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ (৪.০০ এর মধ্যে) স্নাতক ডিগ্রী অথবা অনুমোদিত অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠান হইতে জিপিএ ৩.০০ (৪.০০ এর মধ্যে) বা দ্বিতীয় বিভাগ/শ্রেণীসহ সমমানের ডিগ্রী থাকিতে হইবে। উল্লেখ্য যে, অত্র বিশ্ববিদ্যালয়ে স্নাতক পর্যায়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীগণ অটাম ২০১৫ টার্ম পর্যন্ত ন্যূনতম ৩.০০ জিপিএ প্রাপ্ত হইলে ভর্তির জন্য আবেদন করিতে পারিবে।

**পিএইচডি প্রোগ্রাম :**

(১) কেবলমাত্র চাকুরীরত প্রার্থীগণ পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করিতে পারিবেন।

(২) প্রার্থীদের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ (৪.০০ এর মধ্যে) স্নাতকোত্তর ডিগ্রী অথবা অনুমোদিত অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠান হইতে জিপিএ ৩.০০ (৪.০০ এর মধ্যে) বা দ্বিতীয় বিভাগ/শ্রেণীসহ সমমানের ডিগ্রী থাকিতে হইবে।

(৩) স্বীকৃত বেসরকারী প্রতিষ্ঠান/ এনজিওতে চাকুরীরত প্রার্থীদের কমপক্ষে ০২ (দুই) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে।

ভর্তির আবেদন ফরম, গ্র্যাজুয়েট ক্যাটালগ ও ভর্তির নিয়মাবলী ১৭/০১/২০১৬ ইং হইতে ১৭/০২/২০১৬ ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা শাখা অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **www.bsmrau. edu. bd** হইতে সংগ্রহ করা যাইবে। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থিত সোনালী ব্যাংকে ৫০০/-(পাঁচশত) টাকার জমা রশিদসহ পূরণকৃত ভর্তির আবেদন ফরম নির্ধারিত তারিখে অফিস সময়ের মধ্যে শিক্ষা শাখায় জমা দিতে হইবে।

| | |
|---|---|
| (ক) আবেদনপত্র জমাদানের শেষ তারিখ | ঃ ১৭/০২/২০১৬ ইং |
| (খ) নির্বাচিত ছাত্র-ছাত্রীদের তালিকা প্রকাশ | ঃ ২৫/০২/২০১৬ ইং |
| (গ) ভর্তির তারিখ | ঃ ২৮/০২/২০১৬ ইং |
| (ঘ) অরিয়েন্টেশন | ঃ ০৬/০৩/২০১৬ ইং (পূর্বাহ্নে) |
| (ঙ) ক্লাস শুরু | ঃ ০৬/০৩/২০১৬ ইং (অপরাহ্নে) |

আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নোক্ত সনদপত্র/ডকুমেন্ট-এর ফটোকপি দাখিল করিতে হইবে।

* ২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট আকারের ছবি।
* এস.এস.সি, এইচ.এস.সি, স্নাতক এবং স্নাতকোত্তর (পিএইচডি কোর্সের জন্য) ডিগ্রী পাসের সনদপত্র ও মার্কশীট/ট্রান্সক্রিপ্ট।
* ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান / পৌরসভার মেয়র-এর নিকট হইতে প্রাপ্ত নাগরিকত্ব সার্টিফিকেট/ জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট-এর ফটোকপি।
* সর্বশেষ অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নিকট হইতে প্রাপ্ত চারিত্রিক সার্টিফিকেট।
* ভর্তির আবেদন ফরমের জন্য সম্প্রতি টাকা জমাদানের রশিদ (শিক্ষা শাখার অংশ)।
* অস্পষ্ট, অসম্পূর্ণ / ভুল তথ্যাদি সন্নিবেশিত ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

**আবেদনপত্রের সাথে দাখিলকৃত সকল সনদপত্রের মূলকপি ভর্তির সময় অবশ্যই দেখাইতে হইবে।**

উল্লেখ্য, প্রতি টার্মে বিভাগওয়ারী মেধার ভিত্তিতে সর্বমোট ২৫ জন পিএইচডি ছাত্র-ছাত্রীকে মাসিক ৫০০০/- (পাঁচ হাজার) টাকা হারে এবং ৩৫ জন এমএস ছাত্র-ছাত্রীকে মাসিক ২০০০/- (দুই হাজার) টাকা হারে বৃত্তি প্রদান করা হইবে।

বিদেশী ছাত্র-ছাত্রীগণও এই বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য আবেদন করিতে পারিবেন।

বিস্তারিত তথ্যের জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **www.bsmrau.edu.bd** ভিজিট করা যাইতে পারে।

(মুহাম্মদ সিরাজুল ইসলাম)
অতিরিক্ত রেজিস্ট্রার

স-১৪৯ (১০×৩)